

গ্রীষ্মের প্রখর রোদে ছাদ বাগানীদের জন্য করণীয় :-

প্রতিদিন ২ বার গাছে পানি দিতে হবে।
১ম বার সকাল ৭/৮ টার মধ্যে ২য় বার
বিকাল/সন্ধ্যায়, ২য় বার পানি দেওয়ার
সময় গাছের পাতাসহ সম্পূর্ণ গাছ
ভিজিয়ে/ স্প্রে করে দিতে হবে কোন
অবস্থাতেই সকালে গাছের পাতা
ভিজানো যাবে না।



গাছের গোড়ায় মালচিং করতে হবে।
যেমন- মালচিং পেপার/গাছের শুকনা
পাতা/নারিকেলের ছোবড়া/ কোক ডাস্ট
দিয়ে গাছের গোড়ায় মালচিং করা যাবে।



ছাদের ছোট গাছগুলোকে সুবিধামত
ছায়াযুক্ত স্থানে রাখতে হবে অথবা ছোট
গাছগুলোকে অন্য কিছু দিয়ে ঢেকে
দিতে হবে।



টবে/ড্রামের মাটির পানির অবস্থা বুঝে
গাছে পানি দিতে হবে যাতে গাছে
অতিরিক্ত পানি দেওয়া না হয়। যেমন
মাটিতে একটি কাঠি ঢুকিয়ে দিয়ে মাটি
পানির পরিমাণ নির্ণয় করা যেতে পারে



টিনের ড্রামগুলোকে চটের বস্তা দিয়ে
বেধে দিতে হবে এবং বস্তা পানি দিয়ে
ভিজিয়ে দিলে অনেকক্ষণ বস্তা ভিজা
থাকবে এবং ড্রামের মাটি ঠান্ডা থাকবে।



প্রচারে : মেট্রোপলিটন কৃষি অফিস, গুলশান, ঢাকা।

যে কোন পরামর্শের জন্য অত্র এলাকার উপ সহকারী কৃষি কর্মকর্তার সাথে যোগাযোগ করুন।